

প্রচন্ড / জাতীয়

## বন্যার আগাম পূর্বাভাস দ্রুত দিতে কাজ করছে সরকার



নিজস্ব প্রতিবেদক

৩০ অক্টোবর ২০২১, ০৯:১৬ পিএম



ঝুঁকিপূর্ণ এলাকায় ভয়েস মেসেজের মাধ্যমে দ্রুত বন্যার আগাম পূর্বাভাস দেওয়ার লক্ষ্যে সরকার কাজ করছে বলে  
জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডাঃ মো. এনামুর রহমান।

শনিবার (৩০ অক্টোবর) রাজধানীর একটি হোটেলে 'স্থানীয় পর্যায়ে বন্যার আগাম সতর্কবার্তা ও প্রচার ব্যবস্থার উন্নয়ন'  
শীর্ষক প্রকল্পের প্রারম্ভিক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মো. মোহসীনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন দুর্যোগ  
ব্যবস্থাপনা অধিদফতরের মহাপরিচালক আতিকুল হক।

প্রতিমন্ত্রী বলেন, গ্রামীণ অবকাঠামো উন্নয়ন এবং দরিদ্র জনগণের আয়ের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি ঝুঁকিপূর্ণ এলাকায়  
ভয়েস মেসেজের মাধ্যমে দ্রুত বন্যার আগাম পূর্বাভাস দেওয়ার লক্ষ্যে কাজ করছে সরকার। জাতীয় পর্যায়ে সক্ষমতা  
বৃদ্ধির লক্ষ্যে বন্যার আগাম সতর্কীকরণ ব্যবস্থার উপর প্রশিক্ষণ দেওয়া হবে, যাতে আরো আধুনিক ও বিজ্ঞানসম্মত  
উপায়ে বন্যার ঝুঁকি হ্রাসে কাজ করা যায়।

জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে প্রশিক্ষণ ও কর্মশালার মাধ্যমে বন্যার আগাম  
সতর্কতা ও ঝুঁকি হ্রাসের সক্ষমতা বৃদ্ধি করা হবে বলেও জানান তিনি।

প্রতিমন্ত্রী আরও জানান, ইন্টিগ্রেটেড ওয়েব-মোবাইল অ্যাপ্লিকেশন, ডিজিটাল ডিসপ্লে বোর্ডের মাধ্যমে তৎক্ষণাত্ম বন্যার  
তথ্য ও পরামর্শ স্থানীয় পর্যায়ে সাধারণ জনগণের কাছে পৌঁছে দেওয়া হবে।

স্থানীয় সরকার প্রকৌশল আধিদফতর, আবহাওয়া অধিদফতর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগসহ বিভিন্ন জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা কর্মশালায় অংশগ্রহণ  
করেন।

এসএইচআর/জেডএস